



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট
মানিক মিয়া এভিনিউ, ঢাকা-১২০৭
www.bjri.gov.bd

কৃষিই সমৃদ্ধি
ফোন : ৯১১০৮৬৮
৮১২১৯৩১-২
ফ্যাক্স : ৯১১৮৪১৫
ই-মেইল : bjriinfo@bjri.gov.bd

স্মারক নং- ১২.২৩.২৬৮০.০১৩.৯৯.৭২৩.১৭, ২৩৬৫ (১)
নোটিশ

তারিখঃ ০৬/০১/২০১৯ খ্রিঃ

বিষয়ঃ বিজেআরআই এর ১১ থেকে ২০তম গ্রেডে (পূর্বের ৩য় ও ৪র্থ শ্রেণি) কর্মরত কর্মচারীদের সন্তানদের ৬ষ্ঠ শ্রেণি হতে স্নাতক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য দরখাস্ত আহবান প্রসঙ্গে।

বিজেআরআই এর ১১ থেকে ২০তম গ্রেডে কর্মরত কর্মচারীদের ৬ষ্ঠ শ্রেণি হতে স্নাতক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে অনধিক ২(দুই) সন্তানকে শিক্ষাবৃত্তি প্রদানের জন্য শিক্ষাবৃত্তির নির্ধারিত ফরমে নির্দেশক্রমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

আবেদন করার যোগ্যতাঃ

ক) বিজেআরআই এর ১১ থেকে ২০তম গ্রেডে কর্মরত কর্মচারীদের যে সকল সন্তান ৬ষ্ঠ শ্রেণি হতে এইচএসসি পর্যন্ত যে কোন পরীক্ষায় প্রত্যেক বিষয়ে উত্তীর্ণ হয়ে ন্যূনতম ৬০% নম্বর এবং স্নাতক পর্যায়ে সিজিপিএ ৪ স্কেলের ক্ষেত্রে ন্যূনতম ৩.০০ সিজিপিএ প্রাপ্ত হয়েছেন সে সকল ছাত্র/ছাত্রীর অভিভাবকগণ আবেদন করতে পারবেন।

খ) স্বামী ও স্ত্রী উভয়ে সরকারী চাকুরিতে নিযুক্ত থাকলে কেবল মাত্র একজনই শিক্ষাবৃত্তির জন্য আবেদন করতে পারবেন। তবে বাংলাদেশ সরকারী কর্মচারী কল্যাণ বোর্ড থেকে কোন প্রকার শিক্ষাবৃত্তি গ্রহণ করলে আবেদন করতে পারবেন না।

আবেদনপত্রের সাথে প্রয়োজনীয় কাগজপত্রঃ

ক) আবেদন পত্রের সাথে কর্মচারীর জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।


খ) পূর্ববর্তী পঞ্জিকা বছরে ছাত্র/ছাত্রী যে শ্রেণী হতে পাশ করেছে তার মূল মার্কশীটের/সিজিপিএ এর ফলাফলের ফটোকপি (শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/কলেজ বা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে অধ্যক্ষ/বিভাগীয় প্রধান কর্তৃক সত্যায়িত করে) আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।

আবেদন করার নিয়মঃ

ক) আবেদন ফরম ও প্রাপ্তিস্বীকার পত্র বিজেআরআই এর কল্যাণ তহবিল শাখায় পাওয়া যাবে এবং www.bjri.gov.bd ওয়েব সাইট হতে ডাউনলোড করা যাবে।

খ) নির্ধারিত আবেদন ফরম যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে আগামী ৩১-০১-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে 'মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা-১২০৭' বরাবর ডাকযোগে/সরাসরি প্রেরণ করতে হবে।

গ) অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।



(মোঃ আতিকুল ইসলাম)

সহকারী পরিচালক (কল্যাণ) চলতি দায়িত্ব

ও

সদস্য-সচিব

বিজেআরআই শিক্ষাবৃত্তি কার্যক্রম পরিচালনা কমিটি

বিতরণঃ

- ১। পরিচালক, কারিগরী/জুট টেক্সটাইল/ কৃষি/প্রশাসন ও অর্থ, বিজেআরআই।
- ২। সিএসও, পিটিসি, বিজেআরআই।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার শাখা, বিজেআরআই (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপ-পরিচালক, অর্থ ও হিসাব / প্রশাসন, বিজেআরআই।
- ৫।, পাট গবেষণা আঞ্চলিক কেন্দ্র/উপকেন্দ্র,।
- ৬। অডিট অফিসার, বিজেআরআই।
- ৭। সহকারী পরিচালক, হিসাব (রাজস্ব)/সংস্থাপন/কল্যাণ তহবিল/সাধারণ সেবা, বিজেআরআই।
- ৮। সহকারী প্রকৌশলী, বিজেআরআই।
- ৯। সকল নোটিশ বোর্ড, বিজেআরআই।
- ১০। পিএস টু ডিজি, বিজেআরআই।